

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩২০

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো পরকালের প্রতি দৃষ্টি দেওয়া এবং দুনিয়ার যতটুকু সম্ভব নিজের জন্য আগে পাঠানো

ذِكْرُ الْإِخْبَارِ عمَّا يستحبُّ لِلْمُسْلِمِ مِنْ نَظْرَةٍ لِآخِرَتِهِ وَتَقْدِيمِ مَا قَدَرَ مِنْ هَذِهِ الدُّنْيَا لنفسه

আরবী

3320 – أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى حَدَّثَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّثَنَا جريرٌ عَنِ الْأَعْمَشِ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيّ عَنِ الْحَارِثِ بْنِ سُويْدٍ قَالَ: قَالَ عَبْدِ اللَّهِ: قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَيُّكُمْ مَالُهُ أَحَبُ إلَيه من مال وارثه)؟ قالوا: يارسول اللَّهِ مَا مَنَّا أَحَدٌ إِلَّا مَالُهُ أَحَبُ إِلَيْهِ مِنْ مَالِ وَارِثِهِ قَالَ: (اعْلَمُوا مَا تقولون) قالوا: ما نعلم إلا ذاك يارسول اللَّهِ قَالَ: (مَا مِنْكُمْ رَجُلٌ إِلَّا مَالُ وَارِثِهِ أَحَبُ إِلَيْهِ مِنْ مَالِهِ) قَالُوا: كَيْفَ يارسول اللَّهِ قَالَ: (إِنَّمَا مَالُ أَحَدِكُمْ مَا قَدَّمَ وَمالُ وارِثِهِ ما أَخَر) يارسول اللَّهِ؟ قَالَ: (إِنَّمَا مَالُ أَحَدِكُمْ مَا قَدَّمَ وَمالُ وارِثِهِ ما أَخَر) الراوي : ابْن مَسْعُودٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3320 ا خلاصة حكم المحدث: صحيح – ((الصحيحة)) (1486).

বাংলা

৩৩২০. আব্দুল্লাহ বিন মাসউদ রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমাদের মাঝে কার কাছে নিজের সম্পদ অপেক্ষা তার উত্তরাধিকারীর সম্পদ বেশি প্রিয়?" সাহাবীগণ জবাব দিলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের প্রত্যেকের কাছেই তো উত্তরাধিকারীর সম্পদ অপেক্ষা নিজের সম্পদ বেশি প্রিয়! "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমরা ভেবে দেখো, কী বলছো?" সাহাবীগণ বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা তো এটাই জানি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমাদের প্রত্যেকের কাছেই নিজের সম্পদ অপেক্ষা তার উত্তরাধিকারীর সম্পদ বেশি প্রিয়! "সাহাবীগণ বললেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমাদের নিজের সম্পদ সোলাইহি ওয়া সাল্লাম, সেটা কিভাবে?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তোমাদের নিজের সম্পদ সেটাই, যা সে আগে পাঠিয়েছে আর উত্তরাধিকারীদের সম্পদ সেটাই, যা সে রেখে যায়।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আবৃ ইয়ালা: ৫১৬৩; বাগাবী: ৪০৫৭; সহীহুল বুখারী: ৬৪৪২; মুসনাদ আহমাদ: ১/৩৮২; নাসাঈ: ৬/২৩৭-২৩৮; সুনান বাইহাকী: ৩/৩৬৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ১৪৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন